

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপসম্পাদক
ড. জরিফুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কাকারহোসেন
ড. মোহাম্মদ আমরুল্লাহ হোসেন
ড. মুগল কুদ্দাস

সম্পাদনা উপদেষ্টা: অধ্যাপক ডাঃ এ কে এম রফিক উলিন
ডাঃ এম এম মোহাম্মদরাজ আদীন

সম্পাদক: গোলাম মুন্সীর
সহযোগী সম্পাদক: মঈন উল্লাহ মাহমুদ
সহকারী সম্পাদক: এম. এ. হক আবু
কবিয়ার সম্পাদক: মোঃ আবদুল ওয়ালেদ আসাদ
সহকারী কবিতা সম্পাদক: মুনবার আহমদ
সম্পাদনা সহযোগী: সালেহ উলিন মাহমুদ

বিদেশ প্রতিনিব
জ্ঞান উল্লাহ মাহমুদ
ড. বাস মাহমুদ-এ-বোলা
ড. এম মহম্মদ
নির্মাল চন্দ্র চৌধুরী
মাহমুদ হোসেন
এম. বালাউল
ডা. জি. মো: সালেমুল্লাহ
শহিদ উলিন পারভেজ

আবেদিকর
কনয়ার
খ্রিষ্টিন
অশ্বত্থিলা
জগদাম
আরত
সিদ্ধান্ত
মহালায়া

প্রকাশক: এম. এ. হক আবু
প্রবন্ধ মাসিন্দার: মোহাম্মদ হুসেইন উলিন
অনুবাদ ও অন্যান্য: সমাজ উন্নয়ন ফ্রন্ট
মো: মাহমুদ হামমান

মুদ্রণ: রফিক (সি.) সি.
৪৪/২, আজিমুল রোড, ঢাকা-১১০৫
৯৯ বারকাল্ডা স্ট্রায়েট
বিজ্ঞান পরাম্পরিক শিবুদ শিকদার
জনসংযোগ ও বিক্রয়: নাজমা নাহার মাহমুদ

প্রকাশক: নাজমা কাদের
কক নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোডের নর্থ, আগারকাটা, ঢাকা-১২০৭
ফোন: ১২২৪৮০৭, ১২২৪৮০৯, ১২২৪৮১১, ১২২৪৮১৩
ফ্যাক্স: ১২-০২-১৬৬৪৭২০
ই-মেইল: jgati@comjagat.com
ওয়েব: www.comjagat.com
যোগাযোগের ঠিকানা:
কম্পিউটার জগৎ
কক নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোডের নর্থ, আগারকাটা, ঢাকা-১২০৭
ফোন: ১২২৪৮০৭

Editor: Golap Monir
Associate Editor: Man Uddin Mahmood
Assistant Editor: M. A. Haque Anu
Technical Editor: Md. Abdul Wahed Toral
Correspondent: Md. Abdul Rafiq
Published from: Computer Jagat, Room No 11, BCS Computer City, Rokeya Samui, Agargaon, Dhaka-1207. Tel: 8125807

Published by: Nazma Kader
Tel: 8616746, 8613522, 01711-344217
Fax: 98-02-9664723
E-mail: jgati@comjagat.com

নয় বছর আগে প্রথম এ দাবিটি আমরা তুলেছিলাম



চলতি সংখ্যাটি আমাদের একুশতম বর্ষপূর্তি সংখ্যা। এই একুশতম বর্ষপূর্তি সংখ্যাটি আমাদের সম্মানিত পাঠকদের হাতে তুলে দিতে পেরে আমরা সত্যিকার অর্থেই আনন্দ অনুভব করছি। কারণ, আমাদের মতো স্বল্প আয়ের ও জ্ঞান-বিজ্ঞানে পিছিয়ে থাকা একটি দেশে সুদীর্ঘ একুশ বছর একটানা নিয়মিত কম্পিউটার বিষয়ক একটি বাংলা সাময়িকী পাঠকদের হাতে প্রতিমাসে পৌঁছানো খুব সহজ কাজ নয়। আমরা আমাদের বাস্তব অভিজ্ঞতা থেকে তা উপলব্ধি করতে পেরেছি এই সঠিক সত্যটিতে। দেশে যারা এক্ষেত্রে তাদের উদ্যোগ জারি রেখেছেন, তারা নিশ্চয় এ সত্যটি স্বীকার করবেন। বলার অপেক্ষা রাখে না, পাঠকদের দেয়া প্রতিশ্রুতির প্রতি আমাদের আন্তরিকতার কোনো ধরনের ছাদ ছিল না। প্রতিশ্রুতি রক্ষায় করবার আমরা সর্বশক্তি প্রয়োগে ছিলাম সচেষ্ট। সেই সাথে আমাদের সম্মানিত লেখক, পাঠক, বিজ্ঞানমনসাত, পৃষ্ঠপোষক, পরামর্শক ও এজেন্টদের সক্রিয় সহযোগিতায় আমরা শেয়েছি অস্তাবধীয় মাত্রায়। এর ফলে শুরু থেকে আজকের দিন পর্যন্ত এই একুশ বছর সময় পরিধিতে মাসিক কম্পিউটার জগৎ এদেশে সর্বাধিক পঠিত আইটি ম্যাগাজিন হওয়ার গৌরব অম্ব্যাহতভাবে ধরে রাখতে সক্ষম হয়েছে। আমাদের আশা, কম্পিউটার জগৎ আসলে দিনগুলোতেও তার অর্জিত এ গৌরব ধরে রাখতে পারবে। আমরা এও আশা করি, আগামী দিনেও আমরা আমাদের লেখক, পাঠক, বিজ্ঞানমনসাত, পৃষ্ঠপোষক, পরামর্শক ও এজেন্টদের কাছ থেকে আগের মতোই সহযোগিতা অব্যাহতভাবে পাব।

কম্পিউটার জগৎ-এর একুশতম বর্ষপূর্তি প্রকাশের এই শুভক্ষণে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করছি আমাদের প্রতিষ্ঠাতা ও এদেশের তথ্যপ্রযুক্তি আন্দোলনের প্রেরণাপূর্বক অধ্যাপক মহম্মদ আবদুল কাদেরকে। সেই সাথে প্রতিশ্রুতি যোবদা করছি, কম্পিউটার জগৎকে তার রেখে যাওয়া নীতি-অঙ্গশের ভিত্তিতেই পরিচালনার মাধ্যমে দেশের তথ্যপ্রযুক্তি উন্নয়নে এই পিছাকাঁকে অন্যতম বিজ্ঞানক হিসেবে প্রতিষ্ঠিত রাখার ব্যাপারে। কারণ, তার রেখে যাওয়া তথ্যপ্রযুক্তিসমৃদ্ধ বাংলাদেশের বস্তু আমাদেরও পরম চাওয়া।

কম্পিউটার জগৎ-এর পাঠকমহাজ্ঞানেন, কম্পিউটার জগৎ এই একুশ বছর জাতিকে তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে একটি সঠিক দিক-নির্দেশনা দিতে সব সময় ছিল সচেষ্ট। কখন কোন উদ্যোগটি নিতে হবে, কোন নীতিমালা অবলম্বন করতে হবে-সে ব্যাপারে অনেক ক্ষেত্রে আমরা সর্বপ্রথম সরকার কিংবা সংশ্লিষ্ট পক্ষের কাছে যথার্থ দাবি তুলে ধরেছি। এগুলোর অনেকগুলো কখনো যথাসময়ে, আবার কখনো সেরিতে বাস্তবায়িত হয়েছে। আবার কোনোটি থেকে গেছে একেবারে অবাস্তবায়িত। অতি সম্প্রতি আমাদের পক্ষ থেকে সবরকম আগে তোলা একটি দাবি বাস্তবায়নের উদ্যোগ সরকারকে দিতে দেখা গেছে। এ কথা জেনে আমরা দুঃখ বোধ করছি।

আমাদের পাঠকরা নিশ্চয় অবগত আছেন, আমরা কম্পিউটার জগৎ অক্টোবর ২০০৩ সংখ্যায় 'বাংলাদেশের নিজস্ব স্যাটেলাইট চাই' শীর্ষক একটি প্রবন্ধ প্রতিবেদন প্রকাশ করি। এতে আমরা দেশের নিজস্ব স্যাটেলাইট থাকার পরোক্ষণীয়তার পক্ষে দাবা ছুঁটি তুলে ধরি। সুখের কথা, সেরিতে হলেও প্রায় ৯ বছর পর সরকার এ ব্যাপারে উদ্যোগ নিতে যাচ্ছে। এজন্য আমরা বর্তমান সরকারকে সাধুবাদ জানাই। সেই সাথে এ তাগিদটিকে দিয়ে রাখতে চাই, এ উদ্যোগ বাস্তবায়নে ধীরগতির কোনো অবকাশ নেই। সম্প্রতি বাংলাদেশের নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণের জন্য যুক্তরাষ্ট্রের স্পেস পার্টনারশিপ ইন্টারন্যাশনালের (এসপিআই) সাথে যে চুক্তি হয় তা যেন দ্রুত বাস্তবায়ন করা হয়।

বর্তমানে দেশের সব স্যাটেলাইট টেলিভিশন, টেলিফোন, রেডিও বিদেশী স্যাটেলাইট ভাড়া ব্যবহার করছে। এ জন্য প্রতিবছর ভাড়া বাদে বাংলাদেশকে ১ কোটি ১০ লাখ ডলার পরিশোধ করতে হয়। নিজস্ব এই স্যাটেলাইট চালু করা হলে বাংলাদেশ শুধু বৈদেশিক মুদ্রাই সঞ্চার করবে না, সেই সাথে অব্যবহৃত অংশ নেপাল, ম্যান ও মিয়ানমারের মতো দেশে ভাড়া দিয়ে বাড়তি অর্থ আয় করতে পারবে। দেশে নিজস্ব স্যাটেলাইট প্রযুক্তি তাই চালু করা জরুরি। এ উদ্যোগে যেনো কোনো ভাটা না পড়ে।